তারিখ ২৬/১১/৮২
পৃষ্ঠা ... কলাম ...

320



# কে কোন দফতর পেলেন

প্রেসিডেন্ট আবদুস সাত্তার প্রতিরক্ষা ও পরিকল্পনা মন্ত্রণালয়, কেবিনেট ডিভিশন এবং প্রেসিডেন্টের সচিবালয়ের দায়িত্বে থাকবেন।

বাসসের খবরে প্রকাশ, শুক্রবার নতুন মন্ত্রিপরিষদের সদস্যদের দফতর বন্টন ঘোষণা করা হয়েছে।

মন্ত্রিপরিষদের সদস্যদের দফতর বন্টন করা হয়েছে নিম্নরূপঃ

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান, প্রতিমন্ত্রী জনাব আবদুল বাতেন ও প্রতিমন্ত্রী মওলানা আবদুল মান্নান—শিক্ষা মন্ত্রণালয়।

উপপ্রধানমন্ত্রী জনাব জামালউদ্দীন আহমদ ও প্রতিমন্ত্রী সৈয়দ মহিবুল হাসান—শিল্প মন্ত্রণালয়।

মন্ত্রী জনাব টি এইচ খান এবং প্রতিমন্ত্রী জনাব আবদুস সালাম তালুকদার—আইন ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

অধ্যাপক এম শামসুল হক (মন্ত্রী) ও জনাব জমিরউদ্দীন সরকার (প্রতিমন্ত্রী)—পররাষ্ট্র মন্ত্রণালয়।

জনাব এম সাইফুর রহমান (মন্ত্রী)—অর্থ মন্ত্রণালয়।

জনাব শামসুল হুদা চৌধুরী (মন্ত্রী) এবং জনাব নুরু মোহাম্মদ খান (প্রতিমন্ত্রী)—তথ্য ও বেতার মন্ত্রণালয় এবং ক্রীড়া ও সংস্কৃতি মন্ত্রণালয়।

জনাব আবদুল মোমেন খান (মন্ত্রী) এবং জনাব ইকবাল হোসেন চৌধুরী (প্রতিমন্ত্রী)—খাদ্য মন্ত্রণালয়।

জনাব মাজেদুল হক (মন্ত্রী)—বন্দর, জাহাজ চলাচল ও অভ্যন্তরীণ নৌ-পরিবহণ মন্ত্রণালয়। তিনি সংস্থাপন বিভাগেরও দায়িত্বে থাকবেন।

জনাব আবদুল হালিম চৌধুরী (মন্ত্রী) এবং চৌধুরী কামাল ইবনে ইউসুফ (প্রতিমন্ত্রী)—স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

জনাব মুস্তাফিজুর রহমান (মন্ত্রী)—বাণিজ্য মন্ত্রণালয়।

কাজী আনোয়ারুল হক (মন্ত্রী) এবং শ্রী সুনীল কুমার গুপ্ত (প্রতিমন্ত্রী)—জ্বালানি মন্ত্রণালয়।

জনাব আবদুল আলীম (মন্ত্রী)—রেল, সড়ক ও জনপথ মন্ত্রণালয়।

জনাব আবুল হাসনাত (মন্ত্রী)—গণপূর্ত ও নগর উন্নয়ন মন্ত্রণালয়।

জনাব আবদুর রহমান (মন্ত্রী)—ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

ডঃ ফসিহউদ্দিন মাহতাব (মন্ত্রী)—কৃষি ও বন মন্ত্রণালয়।

অধ্যাপক এমএ মতিন (মন্ত্রী) এবং অধ্যাপক আবদুস সালাম (উপমন্ত্রী)—স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

জনাব এমরান আলী সরকার (মন্ত্রী) এবং জনাব জাফর ইমাম (প্রতিমন্ত্রী)—ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রণালয়।

অধ্যাপক ইউসুফ আলী (মন্ত্রী) এবং জনাব রুহুল আমিন হাওলাদার (উপমন্ত্রী)—পাট এবং বস্ত্র মন্ত্রণালয়।

জনাব রিয়াজ উদ্দীন আহমদ (মন্ত্রী) এবং মিসেস কামরুন্নাহার জাফর (উপমন্ত্রী)—শ্রম, জনশক্তি ও সমাজকল্যাণ মন্ত্রণালয়।

জনাব আবুল কাসেম (মন্ত্রী)—যুব উন্নয়ন মন্ত্রণালয়।

জনাব মইদুল ইসলাম (মন্ত্রী) এবং মিঃ অং সু প্রু চৌধুরী (প্রতিমন্ত্রী)—ডাক, তার ও টেলিফোন এবং বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়।

জনাব আবদুর রহমান বিশ্বাস (মন্ত্রী) এবং ডাঃ আফতাবুজ্জামান (প্রতিমন্ত্রী)—স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়।

জনাব এল কে সিদ্দিকী (মন্ত্রী) এবং সৈয়দ মঞ্জুর হোসেন (উপমন্ত্রী)—সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়।

জনাব আমিরুল ইসলাম কালাম (প্রতিমন্ত্রী)—মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়।

মিসেস তসলিমা আবেদ (প্রতিমন্ত্রী)—মহিলা বিষয়ক মন্ত্রণালয়।

জনাব আবদুল মান্নান শিকদার (প্রতিমন্ত্রী)—ভূমি সংস্কার ও ভূমি প্রশাসন মন্ত্রণালয়।